

# শাবিপ্রবিতে ভর্তি পরীক্ষায় জালিয়াতির চেষ্টা, আটক ৫

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

২৬ অক্টোবর ২০১৯, ২১:১৩

আপডেট: ৩০ অক্টোবর ২০১৯, ১২:৩২



সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষায় ক্যালকুলেটরে ডিভাইস স্থাপন করে জালিয়াতির চেষ্টা করায় পাঁচ পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। আজ শনিবার বিকেলে 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে এই পাঁচজনকে আটক করে পুলিশের কাছে তুলে দেওয়া হয়।

ভর্তি পরীক্ষা কমিটির সদস্যসচিব অধ্যাপক আনোয়ার হোসেন প্রথম আলোকে বিষয়টির সত্যতা নিশ্চিত করেছেন।

আটক পরীক্ষার্থীরা হচ্ছেন শাহ মোহাম্মদ শাহেল, মাহমুদুল হাসান, আহসান আলী, ইব্রাহিম খলিল ও মোহাইমিনুল ইসলাম। তাঁদের মধ্যে সিলেট নগরের মইন উদ্দিন আদর্শ মহিলা কলেজ কেন্দ্র থেকে শাহ মোহাম্মদ শাহেল ও সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট কেন্দ্র থেকে মাহমুদুল হাসানকে আটক করা হয়। আহসান আলী ও ইব্রাহিম খলিলকে আটক করা হয় শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা কেন্দ্র থেকে। আর সিলেট সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র থেকে আটক করা হয় মোহাইমিনুল ইসলামকে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, ওই পাঁচ পরীক্ষার্থী ক্যালকুলেটরের মধ্যে বিশেষ ডিভাইস বসিয়ে বাইরে থেকে উত্তর পাওয়ার ব্যবস্থা করেছিলেন। আটক শিক্ষার্থীদের মধ্যে মোহাইমিনুলের বাড়ি ময়মনসিংহে। বাকি

চারজনের বাড়ি বগুড়ায়।

আজ সকাল সাড়ে নয়টায় ‘এ’ ইউনিটের ও বেলা আড়াইটা থেকে ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ আনোয়ারুল ইসলাম, ভর্তি পরীক্ষা কমিটির সদস্যসচিব আনোয়ার হোসেন, প্রক্টর জহীর উদ্দীন আহমদসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা পরীক্ষার হল পরিদর্শন করেন।

উল্লেখ্য, সামাজিক বিজ্ঞান ও ব্যবসায় প্রশাসন অনুষদের অধীনের বিষয়গুলোয় ভর্তি হতে ‘এ’ ইউনিটের ৬১৩ আসনের বিপরীতে ২৭ হাজার ৩৮টি আবেদন জমা পড়ে। আর প্রকৌশল ও বিজ্ঞানের বিষয়গুলোয় ভর্তি হতে ‘বি’ ইউনিটের ৯৯০ আসনের বিপরীতে ৪৩ হাজার ৫২৪ জন পরীক্ষার্থী আবেদন করেন।

